গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর
১১১-১১৩, মতিঝিল বাণিজ্যিক এলাকা
ঢাকা-১০০০।
www.ccie.gov.bd

নং- ২৬.০৩.০০০০.০০৩.৬৩.০২৩.১৭-৫১৭

তারিখঃ ০৪ বৈশাখ ১৪২৪ / ১৭ এপ্রিল ২০১৭।

## অফিস আদেশ

এ দপ্তরের ১৩ এপ্রিল ২০১৭ তারিখের গণবিজ্ঞপ্তি নং- ১৩(২০১৫-২০১৮)/আমদানি মোতাবেক জনসংখ্যার ভিত্তিতে জেলাওয়ারি পুরাতন কাপড়ের আমদানিকারক নির্বাচনের উদ্দেশ্যে জেলা কমিটিতে আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের প্রতিনিধিত্ব করার জন্য নিম্নেবর্ণিত কর্মকর্তাগণকে মনোনয়ন প্রদান করা হলোঃ

| ক্রঃ নং | কর্মকর্তার নাম ও পদবী | কর্মরত দপ্তর | প্রতিনিধিত্বকারী জেলার নাম |
|---|---|---|---|
| ১ | জনাব নন্দন কুমার বনিক, যুগ্ম-নিয়ন্ত্রক | আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা। | কক্সবাজার |
| ২ | জনাব মোঃ আব্দুর রহিম, উপনিয়ন্ত্রক | আমদানি ও রপ্তানি যুগ্ম-নিয়ন্ত্রকের দপ্তর, খুলনা। | বাগেরহাট, খুলনা, মেহেরপুর |
| ৩ | জনাব মোহাম্মদ খায়রুল আলম, উপনিয়ন্ত্রক | আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা। | নরসিংদী |
| ৪ | জনাব মনিরুজ্জামান খান, সহকারী নিয়ন্ত্রক | আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা। | যশোর, মাগুড়া |
| ৫ | জনাব মোহাম্মাদ মাহমুদুল হক, সহকারী নিয়ন্ত্রক | আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা। | ফরিদপুর |
| ৬ | জনাব এ.টি.এম মহিউদ্দিন ফারুক, সহকারী নিয়ন্ত্রক | আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা। | ভোলা, ঢাকা |
| ৭ | জনাব মোঃ তৈয়েবুর রহমান, সহকারী নিয়ন্ত্রক | আমদানি ও রপ্তানি যুগ্ম-নিয়ন্ত্রকের দপ্তর, খুলনা। | নড়াইল, চুয়াডাঙ্গা, ঝিনাইদহ, |
| ৮ | জনাব মোঃ আল মামুদ হোসেন, সহকারী নিয়ন্ত্রক | আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রকের দপ্তর, চট্টগ্রাম। | চট্টগ্রাম, বান্দরবান |
| ৯ | জনাব মোঃ রেজাউল ইসলাম, সহকারী নিয়ন্ত্রক | আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা। | পঞ্চগড়, ঠাকুরগাঁও |
| ১০ | জনাব মোহাম্মদ সুমন মাহবুব, নির্বাহী অফিসার | আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রকের দপ্তর, চট্টগ্রাম। | খাগড়াছড়ি, রাঙ্গামাটি, চাঁদপুর |
| ১১ | জনাব মোহাম্মদ গোলাম মস্তফা, নির্বাহী অফিসার | আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা। | মাদারীপুর, শরিয়তপুর |
| ১২ | জনাব মোঃ মামুন ইফতেখার রহমান, নির্বাহী অফিসার | আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা। | নওগাঁ, নাটোর |
| ১৩ | জনাব মোঃ এমরান হোসেন, নির্বাহী অফিসার | আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা। | নারায়নগঞ্জ, গাজীপুর |
| ১৪ | জনাব এস, এম শামসুল হক মল্লিক, নির্বাহী অফিসার | আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা। | কুমিল্লা, মুন্সিগঞ্জ |
| ১৫ | জনাব মোঃ আলতাফ হোসেন, নির্বাহী অফিসার | আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রকের দপ্তর, চট্টগ্রাম। | ফেনী, লক্ষীপুর, নোয়াখালী |
| ১৬ | জনাব মোঃ আব্দুল আজিজ আকন, নির্বাহী অফিসার | আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা। | পিরোজপুর, ঝালকাঠি |
| ১৭ | জনাব দিপাল বড়ুয়া, নির্বাহী অফিসার | আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা। | হবিগঞ্জ, মৌলভীবাজার |
| ১৮ | জনাব মোঃ জহিরুল ইসলাম, নির্বাহী অফিসার | আমদানি ও রপ্তানি সহকারী নিয়ন্ত্রকের দপ্তর, সিলেট। | সিলেট, সুনামগঞ্জ, ব্রাহ্মণবাড়ীয়া |
| ১৯ | জনাব মোঃ আবদুল জববার, নির্বাহী অফিসার | আমদানি ও রপ্তানি সহকারী নিয়ন্ত্রকের দপ্তর, সিরাজগঞ্জ। | সিরাজগঞ্জ, লালমনিরহাট, কুড়িগ্রাম |
| ২০ | জনাব মোঃ মনোয়ার হোসেন তপু, নির্বাহী অফিসার | আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা। | রাজবাড়ী, বরগুনা |
| ২১ | জনাব মাসুদ আলম, নির্বাহী অফিসার | আমদানি ও রপ্তানি যুগ্ম-নিয়ন্ত্রকের দপ্তর, রাজশাহী। | রাজশাহী, চাঁপাইনবাবগঞ্জ |
| ২২ | জনাব মোঃ আবদুল্লাহ-আল-হারুন, নির্বাহী অফিসার | আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা। | সাতক্ষীরা, কুষ্টিয়া |
| ২৩ | জনাব মফিজুল সরদার, নির্বাহী অফিসার | আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা। | পাবনা, গোপালগঞ্জ |
| ২৪ | জনাব প্রশান্ত বিশ্বাস, নির্বাহী অফিসার | আমদানি ও রপ্তানি সহকারী নিয়ন্ত্রকের দপ্তর, বরিশাল। | বরিশাল, পটুয়াখালী |
| ২৫ | জনাব মোঃ সফিউল আলম, নির্বাহী অফিসার | আমদানি ও রপ্তানি সহকারী নিয়ন্ত্রকের দপ্তর, রংপুর। | রংপুর, দিনাজপুর, নীলফামারী |
| ২৬ | জনাব মোঃ রেজাউল করিম, নির্বাহী অফিসার | আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা। | নেত্রকোনা, কিশোরগঞ্জ |
| ২৭ | জনাব রায়হানা তাসমিন আহমেদ, নির্বাহী অফিসার | আমদানি ও রপ্তানি সহকারী নিয়ন্ত্রকের দপ্তর, ময়মনসিংহ। | ময়মনসিংহ, শেরপুর, জামালপুর |
| ২৮ | জনাব লস্কর হারিস মোহাম্মদ, নির্বাহী অফিসার | আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা। | টাঙ্গাইল, মানিকগঞ্জ |
| ২৯ | জনাব মোঃ শহিদুল ইসলাম, নির্বাহী অফিসার (চঃদাঃ) | আমদানি ও রপ্তানি সহকারী নিয়ন্ত্রকের দপ্তর, বগুড়া। | বগুড়া, গাইবান্ধা, জয়পুরহাট |

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

২। মনোনীত কর্মকর্তাগণ সংশ্লিষ্ট জেলা প্রশাসকের সাথে ব্যক্তিগতভাবে যোগাযোগ করে যথাসময়ে পুরাতন কাপড়ের আমদানিকারক নির্বাচনে সহায়তা করবেন। অতঃপর নির্বাচিত আমদানিকারকদের বিস্তারিত তথ্য সম্বলিত তালিকায় কমিটির সদস্যগণের সীলমোহরযুক্ত স্বাক্ষর গ্রহণ করে সর্বশেষ ২১ মে ২০১৭ তারিখের মধ্যে সংশ্লিষ্ট আঞ্চলিক আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রণ দপ্তরে প্রেরণ করবেন। উক্ত তালিকার অনুরূপ একটি স্বাক্ষরিত কপি প্রধান নিয়ন্ত্রকের দপ্তরেও প্রেরণ করতে হবে। সংশ্লিষ্ট আঞ্চলিক দপ্তর ০৭ জুন ২০১৭ তারিখের মধ্যে পূর্বানুমতিপত্র জারি সম্পন্ন করবেন।

*স্বাঃ/-*
(আফরোজা খান)
প্রধান নিয়ন্ত্রক (অতিঃ সচিব)
ফোনঃ ৯৫৫১৫৫৬
controller.chief@ccie.gov.bd

নং- ২৬.০৩.০০০০.০০৩.৬৩.০২৩.১৭-৫১৭

তারিখঃ ০৪ বৈশাখ ১৪২৪ / ১৭ এপ্রিল ২০১৭।

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

১। সচিব মহোদয়, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।

২। জেলা প্রশাসক..................।

৩। দপ্তর প্রধান, আঞ্চলিক দপ্তর ............।

৪। সংশ্লিষ্ট কর্মকর্তা জনাব.........................................।

(আফরোজা খান)
প্রধান নিয়ন্ত্রক (অতিঃ সচিব)
ফোনঃ ৯৫৫১৫৫৬
controller.chief@ccie.gov.bd

প্রধান নিয়ন্ত্রক
আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর
১১১-১১৩, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
ফোনঃ ০২-৯৫৫১৫৫৬
ফ্যাক্সঃ ০২-৯৫৫০২১৭
ই-মেইলঃ controller.chief@ccie.gov.bd

ডি, ও নং- ২৬.০৩.০০০০.০০৩.৬৩.০২৩.১৭-৫১৬

তারিখঃ ০৪ বৈশাখ ১৪২৪ / ১৭ এপ্রিল ২০১৭।

প্রিয় সহকর্মী

আপনি নিশ্চয় অবগত আছেন সরকার প্রতি বছর জেলা কোটায় লটারির মাধ্যমে পুরাতন কাপড়ের আমদানিকারক নির্বাচন করে থাকেন। তারই ধারাবাহিকতায় চলতি ২০১৬-২০১৭ অর্থবছরে জনসংখ্যার ভিত্তিতে নির্ধারিত কোটা অনুসারে জেলাওয়ারি আমদানিকারক নির্বাচনের জন্য সরকার কর্তৃক প্রতিটি জেলায় একটি করে কমিটি গঠন করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। আপনাকে আপনার দায়িত্বরত জেলার জন্য উক্ত কমিটির আহবায়ক মনোনীত করা হয়েছে। এছাড়া নিম্নে বর্ণিত ব্যক্তিবর্গ কমিটিতে সদস্য ও সদস্য সচিব হিসাবে দায়িত্ব পালন করবেনঃ-

(১) স্থানীয় চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি কর্তৃক মনোনীত একজন প্রতিনিধি- **সদস্য**
(কোন জেলায় স্বীকৃত চেম্বার না থাকলে সংশ্লিষ্ট বৃহত্তর জেলাসমূহের চেম্বার এর মনোনীত প্রতিনিধি সদস্য হবেন।)
(২) আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের একজন প্রতিনিধি- **সদস্য সচিব**

২০১৬-২০১৭ অর্থ বছরে পুরাতন কাপড় আমদানির বিস্তারিত পদ্ধতি বর্ণনাপূর্বক ইতোমধ্যে এ দপ্তর থেকে ১৩ এপ্রিল ২০১৭ তারিখে গণবিজ্ঞপ্তি নং- ১৩ (২০১৫-২০১৮)/আমদানি, জারি করা হয়েছে যা ১৬ এপ্রিল ২০১৭ তারিখে বহুল প্রচলিত জাতীয় ''দৈনিক ইত্তেফাক'' ও ১৭ এপ্রিল ২০১৭ তারিখে ''দৈনিক বাংলাদেশ প্রতিদিন'' পত্রিকায় প্রকাশিত হয়েছে। উক্ত গণবিজ্ঞপ্তির একটি কপি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো। গণবিজ্ঞপ্তি অনুসারে যোগ্য আমদানিকারকগণ নির্দিষ্ট ছকে আগামী ০৪ মে ২০১৭ তারিখের মধ্যে আপনার দপ্তরে আবেদনপত্র দাখিল করে প্রাপ্তি স্বীকার রশিদ গ্রহণ করবেন। প্রাপ্ত সকল আবেদনপত্র জেলা কমিটি কর্তৃক প্রকাশিত গণবিজ্ঞপ্তির আলোকে পরীক্ষা-নিরীক্ষা করবে এবং যথার্থ বিবেচিত আবেদনপত্রগুলো হতে প্রকাশ্য লটারীর মাধ্যমে আমদানিকারক নির্বাচন করবে। নির্বাচিত আমদানিকারকদের বিস্তারিত তথ্য সংবলিত তালিকায় কমিটির সদস্যগণের সীলযুক্ত স্বাক্ষর প্রদান করে সর্বশেষ ২১ মে ২০১৭ তারিখের মধ্যে সংশ্লিষ্ট আঞ্চলিক আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রণ দপ্তরে প্রেরণ করবে। গঠিত কমিটিতে এ দপ্তরের প্রতিনিধিকে আপনার সাথে নিবিড় যোগাযোগ রক্ষার মাধ্যমে কাজ করার জন্য ইতোমধ্যে নির্দেশনা প্রদান করা হয়েছে। স্থানীয়/বৃহত্তর জেলা (প্রযোজ্য ক্ষেত্রে) শিল্প ও বণিক সমিতির একজন প্রতিনিধিকে সদস্য হিসাবে মনোনীত করার জন্য সংশ্লিষ্ট সমিতিকে আপনি অনুগ্রহপূর্বক লিখিতভাবে অনুরোধ করবেন।

গৃহীত সরকারী নীতির যথাযথ বাস্তবায়নের স্বার্থে পুরাতন কাপড় আমদানির জন্য আবেদনপত্র গ্রহণ, রেজিস্টারভুক্তকরণ, প্রাপ্তি রশিদ প্রদান, প্রাপ্ত আবেদনপত্রসমূহ নিরাপদ রক্ষণাবেক্ষণ এবং সর্বোপরি আমদানিকারক বাছাই ও নির্বাচনের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য আপনাকে অনুরোধ জানাচ্ছি। জারিকৃত গণবিজ্ঞপ্তিতে বর্ণিত পদ্ধতি ও সময়সীমা যাতে যথাযথভাবে অনুসরণ করা হয় সেদিকে সজাগ দৃষ্টি রাখার জন্যও আপনাকে সনির্বন্ধ অনুরোধ জানাচ্ছি এবং পুরাতন কাপড় আমদানিকারক নির্বাচনের বিষয়ে আপনার সার্বিক সহযোগিতা কামনা করছি।

(আফরোজা খান)
প্রধান নিয়ন্ত্রক (অতিঃ সচিব)

জনাব.....................
জেলা প্রশাসক
............।

৭৫

ডি, ও নং- ২৬.০৩.০০০০.০০৩.৬৩.০২৩.১৭-৫১৬

তারিখঃ ০৪ বৈশাখ ১৪২৪ / ১৭ এপ্রিল ২০১৭।

**অনুলিপি প্রেরণ করা হলোঃ**

১। এ দপ্তরের আওতাধীন সকল আঞ্চলিক দপ্তর প্রধানগণ (তাঁকে সংশ্লিষ্ট জেলা প্রশাসকের সাথে নিবিড়ভাবে যোগাযোগ রক্ষাপূর্বক তাঁর দপ্তরের আওতাধীন জেলাসমূহে পুরাতন কাপড় আমদানিকারক নির্বাচন ও অন্যান্য প্রক্রিয়া যথাযথভাবে সমন্বয় করার জন্য অনুরোধ করা হলো। নির্বাচিত আমদানিকারকদের তালিকায় বা কাগজপত্রে কোন অসংগতি থাকলে তা অবিলম্বে সদর দপ্তরকে জানাতে হবে, তবে সর্বশেষ ০৭ জুন ২০১৭ তারিখের মধ্যে পুর্বানুমতিপত্র জারি সম্পন্ন করতে হবে)।

২। মনোনীত প্রতিনিধি জনাব......................................................................................................তাঁকে সংশ্লিষ্ট জেলা প্রশাসকের সাথে নিবিড়ভাবে যোগাযোগ রক্ষাপূর্বক নির্ধারিত তারিখের মধ্যে পুরাতন কাপড়ের আমদানিকারক নির্বাচন প্রক্রিয়া সম্পন্ন করতে নির্দেশ দেয়া হলো)।

**সদয় অবগতির জন্যঃ-**

সচিব মহোদয়, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(আফরোজা খান)
প্রধান নিয়ন্ত্রক (অতিঃ সচিব)